



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দনা, গাজীপুর
টেলিফোনঃ ০২-৯২৬২৭৮৮, ইমেইলঃ
gazipbs@yahoo.com

নম্বর ২৭.১২.৩৩০০.৫৬৯.০৭.০২৩.১৯.২৪১

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৯

০৩ জুন ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মিনি ঠিকাদার হিসাবে লাইন নির্মাণ কাজের জন্য পূর্ব যোগ্যতা নবায়ন প্রসংগে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ খ্রিঃ অর্থ বছরে অত্র পবিসে বৈদ্যুতিক লাইন নির্মাণ/রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন (১০০-৪১/৪২) কাজ করার নিমিত্তে তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্ব যোগ্যতা নবায়নের জন্য পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নির্ধারিত ফর্মে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

১। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরখাস্তের মাধ্যমে অফিস চলাকালীন সময়ে সমিতির ক্যাশ শাখায় নগদ ২০০০.০০ (দুই হাজার মাত্র) টাকা (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে পবিসের প্রকৌশল ও নির্মাণ বিভাগ হতে আগামী ২২/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে নবায়ন ফর্ম সংগ্রহ করা যাবে এবং ২৭/০৬/২০২২খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নবায়ন ফর্ম পূরণ করে সমিতির সদর-দপ্তরে প্রশাসন বিভাগে রিসিভ শাখায় জমা প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২১-২০২২ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪০০০/- (চার হাজার) টাকা এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৮০০০/- (আট হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করতে হবে।

২। পরপর তিন বছর নবায়নের জন্য আবেদন না করলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।

৩। নবায়নের আবেদন প্রত্রের সহিত পূর্বের অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান যে সকল দরপত্রে অংশগ্রহণ করেছে (পবিস ওয়ারী) তার তালিকা উল্লেখ/সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনটি নবায়নের জন্য বিবেচিত হবে না।

৪। নবায়নের আবেদন প্রত্রের সহিত ক্রমানুযায়ী আবেদন ফর্ম ক্রয়ের রশিদ, হালনাগাদ ঠিকাদারী এ,বি,সি লাইসেন্স, সুপারভাইজারী লাইসেন্স (এবিসি), ট্রেড লাইসেন্স, লোকবলের তালিকা, টুলস এর তালিকা, যানবাহন তালিকা, ভ্যাট রেজিস্ট্রেশন, চলতি আয়কর সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট সহ অন্যান্য আনুষাঙ্গিক প্রয়োজনীয় সনদ প্রত্রের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

৫। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের তালিকাভুক্তির নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষণে উত্তীর্ণ ০১ জন সুপারভাইজার ও ০১জন লাইনম্যানের সনদ এর সত্যায়িত ফটোকপি নবায়ন ফর্মের সহিত জমা প্রদান করতে হবে।

৬। বিভিন্ন সময়ে বাপবিবো/পবিস কর্তৃক যে কোন ধরনের সিদ্ধান্ত/ নীতিমালা জারী করা হইলে তা মানিতে বাধ্য থাকিবেন মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে।

৭। আবেদনকারী প্রতিষ্ঠান যে কয়টি পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা আবেদন পত্রের সাথে সংযুক্ত করিতে হবে।

৮। অত্র পবিস সহ ০৪(চার)টির অধিক পবিসে মিনি ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত থাকলে অত্র পবিসে আবেদন করার প্রয়োজন নেই।

৯। পবিস নির্দেশিকা ১০০-৫২ মোতাবেক অত্র সমিতির আওতায় কর্মরত বাপবিবোর প্রশিক্ষন প্রাপ্ত লোকবল অন্য কোন সমিতিতে কর্মরত নাই মর্মে অঙ্গীকারনামা নবায়ন ফরমের সহিত সংযুক্ত করিতে হবে। অন্য কোন সমিতিতে কর্মরত থাকার প্রমাণ পাওয়া গেলে পূর্ব যোগ্যতা বাতিল করা হবে।

১০। আবেদন ফরম প্রতিষ্ঠানের মালিক নিজে অথবা তার নিয়োগকৃত বৈধ প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

১১। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১২। মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের কৃতকর্মের জন্য পবিসের ভাবমূর্তি ক্ষুন্ন হলে, প্রশিক্ষনপ্রাপ্ত সুপারভাইজার/লাইনম্যান অন্য কোন পবিসে তালিকাভুক্ত/কর্মরত থাকলে, কাজের গুনগত মান সন্তোষজনক না হলে, প্রয়োজনীয় যন্ত্রপাতি/যানবাহন না থাকলে এবং প্রয়োজনীয় সনদ/দলিলাদি হালনাগাদ না থাকলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল/ স্থগিত হবে।

১৩। আপনার ৩০-০৬-২০২২খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় নবায়ন মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি ব্যবহৃত টুলস এবং লোকবল সহ উপস্থিত থাকতে হবে।

১৪। কোনরূপ কারণ দর্শানো ব্যাতিত আবেদন পত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।



৬-৬-২০২২

প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল

সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ঢাকা জোন (উত্তর)

২) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারপল্লী বিদ্যুৎ সমিতি ১/২/৩/৪।

৩) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, গাজীপুর

৪) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

৫) সহকারী প্রকৌশলী-১, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, গাজীপুর

৬) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

- ৭) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৮) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৯) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১০) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১১) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১২) এজিএম (এইচআর), মানব সম্পদ বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ১৩) এজিএম (আইটি), আইটি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ (সমিতির ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)
- ১৪) মিনি ঠিকাদার (সকল)
- ১৫) অফিস কপি
- ১৬) মাষ্টার কপি